



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০৪ মার্চ ২০১৮খ্রি.

জনপ্রিয় লেখক ও শিক্ষাবিদ ড. মুহাম্মদ জাফর ইকবালের প্রাননাশের চেষ্ঠার নিন্দায় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন দেশের জনপ্রিয় লেখক ও শিক্ষাবিদ ড. মুহাম্মদ জাফর ইকবালকে দিবালোকে প্রকাশ্যে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রাননাশের চেষ্ঠায় দুবুত্তের ছুরিকাঘাতে মারাত্মকভাবে জখম করার ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। তিনি ৪ মার্চ ২০১৮ খ্রি. এক বিবৃতিতে মেয়র বলেন, নানা কারণে জঙ্গীদের টার্গেট ছিলেন ড.মুহাম্মদ জাফর ইকবাল। তার উপর ন্যাক্কার জনক এ হামলার ঘটনায় জড়িতদের সঠিক রহস্য দ্রুত উদঘাটন করে দুবুত্তদের আইনের আওতায় সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করার দাবী জানান মেয়র। তিনি এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি না হওয়ার উপর প্রশাসনের কড়া নজরদারী প্রত্যাশা করেন।

চট্টগ্রাম- ০৪ মার্চ ২০১৮খ্রি.

অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের বৃত্তি প্রদান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে-সিটি মেয়র ৬০ শতাংশ শিক্ষার্থী স্বল্প বেতনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার সুযোগ পাচ্ছে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, শিক্ষা মানুষের সংবিধানিক অধিকার। এ অধিকারের অংশ হিসেবে চট্টগ্রাম নগরীতে ৬০ শতাংশ শিক্ষার্থী স্বল্প বেতনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার সুযোগ পাচ্ছে। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিবছর গড়ে সাড়ে ৬ হাজার গরীব শিক্ষার্থী বিনা বেতনে অধ্যয়ন করছে। মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন শিক্ষা ও স্বাস্থ্য খাতে বছরে ৫৬ কোটি টাকা ভতুর্কি দিয়ে নাগরিকদের মৌলিক অধিকার নিশ্চিত করছে। প্রসঙ্গক্রমে মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, তিনি দায়িত্ব গ্রহন করার প্রথম বছরে সরকারি-বেসরকারি খাত মিলে ১১২ কোটি টাকা পৌরকর এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে সরকারি-বেসরকারি সকল খাত মিলে মাত্র ১০৩ কোটি টাকা পৌরকর আদায় করতে সক্ষম হয়েছেন। তন্মধ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ প্রায় ৩৫ কোটি টাকা, অন্যান্য সরকারি সংস্থার নিকট থেকে ৩০ কোটি টাকা পৌরকর আদায় হয়েছে। সাধারণ নাগরিকদের কাছ থেকে ২০১৫-২০১৬ অর্থ বছরে ৪৭ কোটি টাকা এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে ৩৮ কোটি টাকা পৌরকর আদায় হয়েছে। তার বিপরীতে স্বাস্থ্য ও শিক্ষা খাতে সেবা সহ সরকার, দাতাসংস্থা ও অন্যান্য সংস্থার সহযোগিতায় উন্নয়ন কার্যক্রমের

পাশাপাশি নাগরিক সেবা নিশ্চিত করা হচ্ছে। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের নির্মাণাধীন ৯তলা ভবনটির নতুন দু'টি তলা চলতি অর্থ বছরে নির্মাণ করা হবে এবং কৃষ্ণ কুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের জন্য নতুন একটি ভবন নির্মাণ করা হবে। তিনি শিক্ষা প্রতিষ্ঠান সমূহে চলমান ফলাফল অব্যাহত রাখা এবং আরো উন্নতি করার মধ্য দিয়ে সকলকে আলোকিত সুনাগরিক হওয়ার পরামর্শ দেন। ৪ মার্চ ২০১৮ খ্রি. রবিবার, সকালে নগরীর মুসলিম ইনস্টিটিউট হলে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের ২০১৭-২০১৮ সনের বৃত্তি প্রদান ও মেধা, সাহিত্য ও সংস্কৃতি এবং ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এ সব কথা বলেন। ২২নং এনায়েত বাজার ওয়ার্ড কাউন্সিলর মো. সলিমউল্লাহ বাচ্চুর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি নাজমুল হক ডিউক, ৩৩নং ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন। অনুষ্ঠানে বার্ষিক রিপোর্ট উপস্থাপন করেন অত্র শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ মমতা বেগম। অনুষ্ঠানে অধ্যক্ষ সাহেদুল কবির, অত্র শিক্ষা প্রতিষ্ঠানের সহকারি প্রধান শিক্ষক সেলিনা খাতুন, মো. ইসমাইল বক্তব্য রাখেন। অত্র শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির মো. সাইফু উদ্দিন ও মো. ওমর আলী ফয়সাল সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। পরে মেয়র শিক্ষার্থীদের বৃত্তি ও পুরস্কার বিতরণ করেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন